



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২০০.২৩. ৪৭৩

তারিখ : ০৫ অক্টোবর ২০২৩ খ্রি.

## প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি 'ডিজিটাল ফটোগ্রাফি' প্রশিক্ষণ পাঠ্যধারা

০৫ নভেম্বর থেকে ২৩ নভেম্বর ২০২৩ পর্যন্ত ০৩ (তিন) সপ্তাহব্যাপী 'ডিজিটাল ফটোগ্রাফি' প্রশিক্ষণ পাঠ্যধারায় অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের স্নাতক পাশ হতে হবে (ফটোগ্রাফি পেশার সাথে জড়িতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)।


দপ্তর চলাকালীন ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর দুইকপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সর্বশেষ অর্জিত ডিগ্রির সনদপত্রের কপি জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ : ২৩ অক্টোবর সোমবার ২০২৩ খ্রি.।

২৫ অক্টোবর বুধবার ২০২৩ সকাল ১২:০০ টায় ইনস্টিটিউটে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

ইনস্টিটিউটের ওয়েবসাইট [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd) থেকেও অনলাইনে আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন সকল কাগজপত্র এবং আবেদনপত্রের মূল্য ২০০/- (টাকা দুইশত) মাত্র হিসাব শাখায় প্রদান করতে হবে।

নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৩০০০/= (টাকা তিন হাজার) মাত্র "মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
০৫/১০/২৩  
(নাবিস আহমেদ)  
সহকারী পরিচালক  
ও  
পাঠ্যধারা পরিচালক